খবর

# মন্ত্রণালয়ের সমন্বয়হীনতায় বঞ্চিত ৩৭ লাখ শিক্ষার্থী

## বিজয় ফুল তৈরি প্রতিযোগিতা

প্রকাশ: ১৩ ঘণ্টা আগে | Like 1 Share 1

**সাব্বির নেওয়াজ**



(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=7ce7db8abe__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2NZGbb0)

সিলেটের গোয়ালাবাজার আদর্শ উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী তামান্না বেগম গত বছরের 'বিজয় ফুল তৈরি প্রতিযোগিতায়' জাতীয় পর্যায়ে অংশ নিয়েছিল। কিন্তু এ বছর তার জেএসসি পরীক্ষার সময় প্রতিযোগিতা হওয়ায় অংশ নিতে পারছে না সে। একই বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী বিলকিছ আক্তার বিভাগীয় পর্যায়ে রানার্সআপ হলেও প্রতিযোগিতায় অংশ নিতে পারেনি। কারণ গত ২৮ অক্টোবর পর্যন্ত তার নির্বাচনী (টেস্ট) পরীক্ষা ছিল।

শুধু এই দু'জন নয়, দেশের প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়েরই অষ্টম ও দশম শ্রেণির শিক্ষার্থীরা ইচ্ছে থাকার পরও এ বছরের বিজয় ফুল তৈরি প্রতিযোগিতায় অংশ নিতে পারেনি। এ নিয়ে ক্ষুব্ধ বঞ্চিত ৩৭ লাখ শিক্ষার্থী। তাদের প্রশ্ন, তারাই যদি প্রতিযোগিতায় অংশ নিতে না পারে, তবে কার জন্য এই প্রতিযোগিতা?

শিক্ষকরা বলছেন, মন্ত্রিপরিষদ বিভাগ এ প্রতিযোগিতার তারিখ নির্ধারণ করে। অন্যদিকে বিভিন্ন বিদ্যালয়ে পরীক্ষা বা অন্যান্য কার্যক্রমের তারিখ নির্ধারণ করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়গুলোর মধ্যে এ প্রতিযোগিতার দিনক্ষণ নির্ধারণের ক্ষেত্রে সমন্বয় না থাকায় পরীক্ষার্থী শিক্ষার্থীরা এতে অংশ নিতে পারেনি।

নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনার উপলব্ধি জাগাতে ও এর ইতিহাস তুলে ধরতে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৮ সালে প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য 'বিজয় ফুল তৈরি প্রতিযোগিতা' ও 'বিজয় উৎসব' শুরু করে। ৩টি গ্রুপে বিভক্ত মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিযোগিতাগুলোর মধ্যে রয়েছে- এককভাবে বিজয় ফুল তৈরি, গল্প রচনা, কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, অভিনয় ও চলচ্চিত্র নির্মাণ এবং যৌথভাবে দেশাত্মবোধক সংগীত ও জাতীয় সংগীত পরিবেশন। গত

বছরের ধারাবাহিকতায় চলতি বছরেও এই প্রতিযোগিতা চলছে।

গত ১৬ অক্টোবর মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ প্রতিযোগিতা সংক্রান্ত জারি করা আদেশে বলা হয়, শিক্ষাপ্রতিষ্ঠান পর্যায়ে ২৮ অক্টোবরের মধ্যে, উপজেলা ও মহানগর পর্যায়ে ৩১ অক্টোবর, জেলা পর্যায়ে ২ নভেম্বর, বিভাগীয় পর্যায়ে ৯ নভেম্বর এবং জাতীয় পর্যায়ে ১৩ ডিসেম্বর প্রতিযোগিতা হবে।

অথচ দেশের মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ১৪ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ছিল নির্বাচনী পরীক্ষা। পরীক্ষা চলার মধ্যেই এই প্রতিযোগিতার আয়োজন করতে গিয়ে অনেক প্রতিষ্ঠানকে দুর্ভোগ পোহাতে হয়। আবার কোনো কোনো প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ে প্রতিযোগিতার আয়োজন করতে ব্যর্থ হয়। এমনকি জেলা পর্যায়ে নির্ধারিত প্রতিযোগিতার দিনও ছিল জেএসসির বাংলা প্রথম পত্রের পরীক্ষা; বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার দিন ছিল গণিত পরীক্ষা। এ কারণে এই শ্রেণির শিক্ষার্থীরাও প্রতিযোগিতায় অংশ নিতে পারেনি।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে জানা গেছে, সারাদেশের অষ্টম শ্রেণিতে এ বছর ২২ লাখ ৬০ হাজার শিক্ষার্থী পড়াশোনা করছে। দশম শ্রেণিতে পড়ছে প্রায় ১৪ লাখ। এই ৩৬ লাখ ৬০ হাজার ছাত্রছাত্রী শুধু সঠিক সময় নির্ধারণ না করায় এ প্রতিযোগিতায় অংশ নিতে পারেনি।

গোয়ালাবাজার আদর্শ উচ্চ বিদ্যালয়ের ছাত্রী তামান্না বেগম জানায়, গত বছর সে জাতীয় পর্যায়ে অংশ নিয়েছিল। স্বপ্ন ছিল এবারও অংশ নেবে। কিন্তু অংশ নিতে না পারায় খুব খারাপ লাগছে তার।

রাজধানীর মীরপুর সিদ্ধান্ত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম রনি বলেন, মুক্তিযুদ্ধের চেতনা শিক্ষার্থীদের মধ্যে জাগ্রত করতে বিজয় ফুল প্রতিযোগিতার আয়োজন নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। কিন্তু জেএসসি ও নির্বাচনী পরীক্ষার্থীরা এ সময় স্বতঃস্ফূর্তভাবে অংশ নিতে পারেনি। আগামী দিনগুলোতে কর্তৃপক্ষ এ দিকে লক্ষ্য রাখবে আশা করি।

সুনামগঞ্জের বেহেলি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রতি রঞ্জন পুরকায়স্থ জানান, তার ধারণা শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে প্রতিযোগিতার দিন-তারিখ ধার্য হয়নি। বিদ্যালয় পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ছিল ২৮ অক্টোবর। ওই দিন নির্বাচনী পরীক্ষার কারণে তার বিদ্যালয়ে প্রতিযোগিতা করা যায়নি। তবে সরকারি আদেশ কার্যকর করতে তার বিদ্যালয়ে ৩ নভেম্বর প্রতিযোগিতা করা হয়।

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিদ্যালয়) মো. বদরুল আলম বাবু সমকালকে জানান, এ বিষয়টি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দেখভাল করে। তিনি অধিদপ্তরে এ নিয়ে কথা বলবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মাধ্যমিক) নাজমুল হক খান বলেন, শিক্ষার্থীদের পরীক্ষার সময়সূচি বিবেচনায় নিয়ে এ প্রতিযোগিতার রুটিন ঠিক করলে প্রতিযোগিতা আরও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হতো।

সারাদেশের বিদ্যালয়গুলোর তত্ত্বাবধানকারী কর্তৃপক্ষ মাউশির পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক ড. আবদুল মান্নান বলেন,

এবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে খুব কম সময় বেঁধে দেওয়া হয়েছিল। শিক্ষার্থীরা সবাই যেন অংশ নিতে পারে আগামীতে সে দিকে লক্ষ্য রেখে সময়সূচি নির্ধারণ করা দরকার।

(https://samakal.com/print/19118029/print) মন্তব্য করুন

(https://samakal.com/international/article/19113573/ভিজিটিং-কার্ডের-ছবি-ভাইরাল)

## গৃহকর্মীর ভিজিটিং কার্ডের ছবি ভাইরাল

(https://samakal.com/international/article/19113573/ভিজিটিং-কার্ডের-ছবি-ভাইরাল)

(https://samakal.com/international/article/1901425/মাছের-দাম-২৫-কোটি-টাকা)

## এক মাছের দাম ২৫ কোটি টাকা!

(https://samakal.com/international/article/1901425/মাছের-দাম-২৫-কোটি-টাকা)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(http://fetch-in-property-investing.fyi?

sub_id=taboola_30739_System1_PropertyInvestment2_Mobile_IN_samakal&ref=taboola_samakal&compkey=best+property+investment+in+dubai&fbid=419213

## Dubai Investment Properties Might Actually Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(http://fetch-in-property-investing.fyi?

sub_id=taboola_30739_System1_PropertyInvestment2_Mobile_IN_samakal&ref=taboola_samakal&compkey=best+property+investment+in+dubai&fbid=419213

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/bangladesh/article/19113536/জোড়া-খুন-দোষ-স্বীকার-করে-সুরভীর-জবানবন্দি)

# ধানমন্ডিতে জোড়া খুন: দোষ স্বীকার করে সুরভীর জবানবন্দি

(https://samakal.com/bangladesh/article/19113536/জোড়া-খুন-দোষ-স্বীকার-করে-সুরভীর-জবানবন্দি)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

# মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://samakal.com/todays-print-edition/tp-entertainment/article/19082405/সাত-বছরের-প্রেম-থেকে-বিয়ে)

# সাত বছরের প্রেম থেকে বিয়ে

(https://samakal.com/todays-print-edition/tp-entertainment/article/19082405/সাত-বছরের-প্রেম-থেকে-বিয়ে)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

# পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

# ডায়াবেটিস বাড়ে যেসব খাবার খেলে

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

# আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

# ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/whole-country/article/19041491/৭-বছর-ধরে-ধর্ষণের-অভিযোগ)

## বিধবাকে ৭ বছর ধরে ধর্ষণের অভিযোগ

**Samakal**

(https://samakal.com/whole-country/article/19041491/৭-বছর-ধরে-ধর্ষণের-অভিযোগ)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

**Samakal**

(https://samakal.com/whole-country/article/1902705)

অন্যান্য


গ্রামের পর গ্রাম অন্ধকারে (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19118033/গ্রামের-পর-গ্রাম-অন্ধকারে)


ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীরা পাবে নতুন বই (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19118032/-ক্ষতিগ্রস্ত-শিক্ষার্থীরা-পাবে-নতুন-বই)


আমনের সর্বনাশ (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19118031/আমনের-সর্বনাশ)


বসন্তের কোকিল নয়, দুঃসময়ের কর্মী চাই-ওবায়দুল কাদের (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19118030/বসন্তের-কোকিল-নয়-দুঃসময়ের-কর্মী-চাইওবায়দুল-কাদের)

ছোট্ট মিজানকেও বাঁচানো গেল না (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19118028/ছোট্ট-মিজানকেও-বাঁচানো-গেল-না)

আরও (https://samakal.com/list/tp-khobor)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)

(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED